



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা - ১০০০

বাংলাদেশ

মনিটারি পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি সার্কুলার নং-০৫

জুলাই ২৯, ২০২০
তারিখ: _____
শ্রাবণ ১৪, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠান

বাংলাদেশ ব্যাংকের রেপো ও রিভার্স রেপো সুদহার পরিবর্তন প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

রেপো সুদহার পুনঃনির্ধারণ বিষয়ে ৯ এপ্রিল ২০২০ তারিখের এমপিডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। চলমান নভেম্বর করোনা ভাইরাস মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত অর্থনীতিকে পুনরুদ্ধার করার নিমিত্তে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে ২০২০-২১ অর্থবছরের জন্য সম্প্রসারণ ও সংকুলানমুখী (expansionary and accommodative) মুদ্রানীতি গ্রহণ করেছে। এ ধারাবাহিকতায় ব্যাংকগুলোর তহবিল খরচ কমানোর পাশাপাশি চাহিদানুযায়ী তারল্য সরবরাহ বাড়ানোর উদ্দেশ্যে ওভারনাইট ভিত্তিক রেপো সুদহার বিদ্যমান বার্ষিক শতকরা ৫.২৫ ভাগ হতে ৫০ বেসিস পয়েন্ট হ্রাস করে শতকরা ৪.৭৫ ভাগে এবং নীতি সুদহার করিডর যৌক্তিকীকরণের উদ্দেশ্যে রিভার্স রেপো সুদহার বিদ্যমান বার্ষিক শতকরা ৪.৭৫ ভাগ হতে ৭৫ বেসিস পয়েন্ট হ্রাস করে শতকরা ৪.০০ ভাগে পুনঃনির্ধারণ করা হলো।

এ নির্দেশনা আগামী ৩০ জুলাই ২০২০ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

M. Julhasuddin

(মোঃ জুলহাস উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৫৯